

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এ.এম.এল. সার্কুলার নম্বর : ০৯

তারিখ : ১৫ পৌষ, ১৪১২
২৯ ডিসেম্বর, ২০০৫

সকল ব্যাংক

নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়গণ,

উপরোক্ত বিষয়ে বিগত ২১ ডিসেম্বর, ২০০৫ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম অধিক নিবিড়ভাবে পর্যবেক্ষণের সুবিধার্থে এবং ক'টি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং কমিটির সুপারিশ অনুসারে নগদ লেনদেন রিপোর্টিং পদ্ধতি চালু করা হয়। পূর্বে প্রবর্তিত অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টিং একটি সম্পূর্ণ পৃথক ব্যবস্থা এবং পারস্পরিক সম্পর্কহীন। অর্থাৎ, কোন গ্রাহক পাঁচ লক্ষ টাকা বা ততোধিক পরিমাণ টাকা নগদ লেনদেন করলেই তা সন্দেহজনক বলে বিবেচনা করার কোন অবকাশ নেই। তবে কেবলমাত্র বাংলাদেশ ব্যাংকের অবগতির জন্যে নগদ লেনদেন সংক্রান্ত তথ্য রিপোর্ট করতে হবে। ব্যাংকিং শিল্পকে মানি লন্ডারিং এর আওতা হতে নিরাপদ রাখার স্বার্থেই এরূপ নির্দেশনা প্রদত্ত হয়েছে।
০৩. ব্যাংকের প্রতিনিধিগণের অনুরোধের প্রেক্ষিতে এবং অধিক শাখা সম্পন্ন যে সমস্ত ব্যাংকের পক্ষে এ পর্যন্ত সকল শাখাকে অটোমেশান করা সম্ভব হয়নি তাদের কথা বিবেচনায় রেখে আগামী জানুয়ারী হতে মার্চ, ২০০৬ পর্যন্ত সময়কালের রিপোর্ট প্রদানকে ঐচ্ছিক করা হলো। এক্ষেত্রে নিম্নোক্ত পরামর্শ অনুসরণ করা যেতে পারেঃ
- (ক) যে সকল ব্যাংক আকারে ছোট এবং শাখার সংখ্যা কম; এবং যাদের পূর্ণ কম্পিউটারাইজড অন-লাইন কার্যক্রম রয়েছে তাদেরকে জানুয়ারী, ২০০৬ হতে এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ তারিখ ২১ ডিসেম্বর, ২০০৫ মোতাবেক নগদ লেনদেন রিপোর্ট করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (খ) বৃহৎ ব্যাংকসমূহের পক্ষে জানুয়ারী - মার্চ, ২০০৬ সময়কালে পূর্ণাঙ্গ রিপোর্ট প্রদান সম্ভব না হলে, তারা আংশিক রিপোর্ট (অর্থাৎ যে সংখ্যক শাখার রিপোর্ট দেয়া সম্ভব হয়) প্রদান করতে পারে।
০৪. সরকারী হিসাব বা সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের হিসাবে নগদ জমার ক্ষেত্রে (পরিমাণ নির্বিশেষে) রিপোর্ট করার প্রয়োজন নেই। তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথারীতি এ.এম.এল. সার্কুলার নং ০৮ তারিখ ২১ ডিসেম্বর, ২০০৫ এর নির্দেশনা অনুসারে রিপোর্ট করতে হবে।
০৫. নগদ লেনদেন সংক্রান্ত রিপোর্ট অবশ্যই সফট কপিতে করতে হবে; অর্থাৎ সফট কপির সাথে হার্ড কপি (মুদ্রিত) প্রদানের আবশ্যিকতা নেই। সফট কপিতে রিপোর্টিং এর সুবিধার্থে বাংলাদেশ ব্যাংক হতে ওরাকল-ভিত্তিক ডাটা এন্ট্রি সফটওয়্যার সংগ্রহ করা যাবে।

নগদ লেনদেন রিপোর্টিং বিষয়ে প্রদত্ত অন্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত
(ম. মাহফুজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭১